৯ সেপ্টেম্বর, ২০২৬

# হাটহাজারীতে ফিল্ড ফায়ারিং অনুশীলনে দুর্ঘটনায় নিহত ২ সেনাসদস্য




ছবি: সংগৃহীত

চট্টগ্রামের হাটহাজারীতে বাংলাদেশ সেনাবাহিনীর ফিল্ড ফায়ারিং রেঞ্জে নিয়মিত সামরিক অনুশীলনের সময় দুর্ঘটনায় দুই সেনাসদস্য নিহত হয়েছেন। এ ঘটনায় দায়িত্বপ্রাপ্ত এক সেনা কর্মকর্তা গুরুতর আহত হয়েছেন।

বুধবার (৯ সেপ্টেম্বর) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদফতর (আইএসপিআর) এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়।

আইএসপিআর জানায়, হাটহাজারী ফিল্ড ফায়ারিং রেঞ্জে পূর্বনির্ধারিত ফিল্ড ফায়ারিং অনুশীলন চলছিল। অনুশীলনের অংশ হিসেবে একটি ট্যাংক থেকে গোলাবর্ষণের সময় আকস্মিক বিস্ফোরণ অথবা যান্ত্রিক ত্রুটিজনিত কারণে অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনাটি ঘটে।

এতে ঘটনাস্থলেই কর্তব্যরত দুই সেনাসদস্য প্রাণ হারান। একই ঘটনায় দায়িত্ব পালনরত এক সেনা কর্মকর্তা গুরুতরভাবে আহত হন।

দুর্ঘটনা ঘটার পরপরই ফায়ারিং রেঞ্জে নিয়োজিত উদ্ধারকারী দল আহত কর্মকর্তাকে দ্রুত উদ্ধার করে প্রাথমিক চিকিৎসা দেয়। পরে তার উন্নত ও নিবিড় চিকিৎসার প্রয়োজন হওয়ায় জরুরি ভিত্তিতে হেলিকপ্টারে করে তাকে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতাল (সিএমএইচ)-এ স্থানান্তর করা হয়।

মর্মান্তিক এ দুর্ঘটনার পেছনে প্রকৃত কারণ কী এবং কোনো ধরনের যান্ত্রিক ত্রুটি এর জন্য দায়ী ছিল কি না, তা বিস্তারিতভাবে খতিয়ে দেখা হচ্ছে। আইএসপিআর জানিয়েছে, সামরিক বিধি অনুযায়ী দুর্ঘটনার কারণ ও যান্ত্রিক ত্রুটির সার্বিক দিক পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধানে প্রয়োজনীয় তদন্ত কার্যক্রম শুরু হয়েছে।